গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১১ জুন ২০২৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৩৯

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : সাম্প্রতিক ঘূর্ণিঝড় রেমাল/ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে পুনর্বাসন কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমের জন্য বিনামূল্যে রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও সার বাবদ ১৬১১.০০৫২ লক্ষ (ষোল কোটি এগারো লক্ষ পাঁচশত বিশ) টাকা অর্থছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

**সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩-৪৯০, তারিখঃ ১০/০৬/২০২৪ খ্রি.**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটের 'কৃষি পুনর্বাসন সহায়তাঃকোড-১২০০০৬৫০৫' খাতে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে প্রাপ্ত সংশোধিত বরাদ্দকৃত অর্থ হতে 'বীজ ও চারাঃকোড-৩২৫১১০৯' উপখাত হতে ৬২৬.১৮৬ লক্ষ ( ছয় কোটি ছাব্বিশ লক্ষ আঠারো হাজার ছয়শত); 'সারঃ কোড-৩২৫১১০৫' উপখাত হতে ৮৪২.৫০ লক্ষ (আট কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা; 'অন্যান্য অনুদানঃ কোড-৩৬৩১১৯৯' উপখাত হতে ১৪২.৩১৯২ লক্ষ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ একত্রিশ হাজার নয় শত বিশ) টাকা সর্বমোট ১৬১১.০০৫২ লক্ষ (ষোল কোটি এগারো লক্ষ পাঁচশত বিশ) টাকা রোপা আমন (উফশী জাত) ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য সহায়তা বাবদ সার কৃষকদের মাঝে বিতরণের জন্য ০২ নং অনুচ্ছেদে জেলাওয়ারী বিভাজন, ০৩ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য বর্ণিত ২৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এর অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। ২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও রাসায়নিক সার কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে পুনর্বাসন কর্মসূচি):

লক্ষ টাকা

| ক্রমিক নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১ | নারায়ণগঞ্জ | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ২.৭৫০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০০ | ০.৬২৫০ | ৭.০৭৫০ |
| ২ | নরসিংদি | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ৩ | মুন্সীগঞ্জ | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ৪ | চাঁদপুর | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ৫ | সিলেট | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৮.২৫০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০০ | ১.৮৭৫০ | ২১.২২৫০ |
| ৬ | মৌলভীবাজার | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৩.৭৫০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০০ | ৩.১২৫০ | ৩৫.৩৭৫০ |
| ৭ | হবিগঞ্জ | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ৮ | সুনামগঞ্জ | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ৯ | নোয়াখালী | ১৬০০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৪৪.০০০ | ৩০.৪০০ | ২৮.৮০০ | ৫৯.২০০ | ৬.০০০ | ৪.০০০০ | ১০.০০০০ | ১১৩.২০০০ |
| ১০ | লক্ষীপুর | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৩৮.৫০০ | ২৬.৬০০ | ২৫.২০০ | ৫১.৮০০ | ৫.২৫০ | ৩.৫০০০ | ৮.৭৫০০ | ৯৯.০৫০০ |
| ১১ | রাংগামাটি | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৮.২৫০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০০ | ১.৮৭৫০ | ২১.২২৫০ |
| ১২ | নাটোর | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.৫০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০০ | ১.২৫০০ | ১৪.১৫০০ |
| ১৩ | খুলনা | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৩৩.০০০ | ২২.৮০০ | ২১.৬০০ | ৪৪.৪০০ | ৪.৫০০ | ৩.০০০০ | ৭.৫০০০ | ৮৪.৯০০০ |
| ১৪ | বাগেরহাট | ২২০০০ | ১১০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ৪৪০.০০ | ৬০.৫০০ | ৪১.৮০০ | ৩৯.৬০০ | ৮১.৪০০ | ৮.২৫০ | ৫.৫০০০ | ১৩.৭৫০০ | ১৫৫.৬৫০০ |
| ১৫ | সাতক্ষীরা | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৮.২৫০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০০ | ১.৮৭৫০ | ২১.২২৫০ |

| ক্রমিক নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১৬ | নড়াইল | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৩.৭৫০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০০ | ৩.১২৫০ | ৩৫.৩ |
| ১৭ | বরিশাল | ১৬০০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৬০.০০ | ৩২০.০০ | ৪৪.০০০ | ৩০.৪০০ | ২৮.৮০০ | ৫৯.২০০ | ৬.০০০ | ৪.০০০০ | ১০.০০০০ | ১১৩.২ |
| ১৮ | পিরোজপুর | ১৮০০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ | ৩৬০.০০ | ৪৯.৫০০ | ৩৪.২০০ | ৩২.৪০০ | ৬৬.৬০০ | ৬.৭৫০ | ৪.৫০০০ | ১১.২৫০০ | ১২৭.৩ |
| ১৯ | ঝালকাঠি | ২০০০০ | ১০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৫৫.০০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৭.৫০০ | ৫.০০০০ | ১২.৫০০০ | ১৪১.৫ |
| ২০ | পটুয়াখালি | ৪০০০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৮০০.০০ | ১১০.০০০ | ৭৬.০০০ | ৭২.০০০ | ১৪৮.০০০ | ১৫.০০০ | ১০.০০০০ | ২৫.০০০০ | ২৮৩. |
| ২১ | বরগুনা | ২০০০০ | ১০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৫৫.০০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৭.৫০০ | ৫.০০০০ | ১২.৫০০০ | ১৪১.৫ |
| ২২ | ভোলা | ৮৭০৪ | ৪৩.৫২ | ৮৭.০৪ | ৮৭.০৪ | ১৭৪.০৮ | ২৩.৯৩৬ | ১৬.৫৩৮ | ১৫.৬৬৭ | ৩২.২০৫ | ৩.২৬৪ | ২.১৮০২ | ৫.৪৪৪২ | ৬১.৫ |
| ২৩ | ফরিদপুর | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ২.৭৫০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০০ | ০.৬২৫০ | ৯.০ |
| ২৪ | মাদারিপুর | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৮.২৫০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০০ | ১.৮৭৫০ | ২১.২ |
| ২৫ | গোপালগঞ্জ | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৩.৭৫০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০০ | ৩.১২৫০ | ৩৫. |
| মোট | | ২২৭৭০৪ | ১১৩৮.৫২ | ২২৭৭.০৪ | ২২৭৭.০৪ | ৪৫৫৪.০৮ | ৬২৬.১৮৬ | ৪৩২.৬৩৮ | ৪০৯.৮৬৭ | ৮৪২.৫০ | ৮৫.৩৮৯ | ৫৬.৯৩০২ | ১৪২.৩১৯২ | ১৬১১ |

এখানে,

* কৃষক প্রতি ১ বিঘা জমির জন্য উফশী বীজের পরিমাণ ৫.০ কেজি ধরা হয়েছে;
* ডিএপি প্রতি কেজি ১৯.০০ টাকা, এমওপি প্রতি কেজি ১৮.০০ টাকা (মিল গেইট মূল্য);
* প্রতি কেজি বীজের মূল্য ৫৫.০০ টাকা ধরা হয়েছে;
* পরিবহন ব্যয় কেজি প্রতি ১.৫০ টাকা;
* আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় কেজি প্রতি ১.০০ টাকা ধরা হয়েছে।

০৩। '২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২/২০২৪-২৫ মৌসুমের জন্য কৃষকদের মাঝে রোপা আমন ধান (উফশী জাত) ফসলের পুনর্বাসন কর্মসূ বাস্তবায়ন পদ্ধতি' ও মনিটরিং কাজের সুবিধার্থে একটি 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

০৪। কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপ করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতা ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফি এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি রোপা আমন ধান (উফশী জাত) বীজ ফসল আবাদের জমি এবং চলতি মৌসুমে রোপা আমন ধান (উফশী জাত) বীজ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেল পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে রোপা আমন ধান (উফশী জাত) বীজ চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী স উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন ক তদারকিতে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বি প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বি করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন ক উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেল কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে ( admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বি সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com ) আবশ্যিকভাবে প্রেরণ কর এবং অর্থ বিভাগ হতে ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দ ব্যয় ও সমন্বয় সংক্রান্ত সময়সীমা ও নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসই প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০ কেজি উফশী জাতের রোপা আমন ধান বীজ এবং ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে।

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

৮. এ কর্মসূচির আওতায় জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি (৯০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'আধুনিক প্রযুক্তিতে কৃষক পর্যায়ে ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প' এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের (১০%) নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে এলাকা উপযোগী উফশী জাতের রোপা আমন ধানের বীজ সংগ্রহ করতে হবে।

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসনের জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ২৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd / moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে;

১২. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে;

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১১ জুন ২০২৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৩৯

অত্র আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩. তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

মুহাম্মদ আনিসুর রহমান
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৩৯

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১১ জুন ২০২৪

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা পরিষদ চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাঙ্গামাটি।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৪ জেলা)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৪টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ২৪ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. অফিস কপি।

১১/০৬/২০২৪

(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-২ শাখা**
**www.moa.gov.bd**

## '২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমের জন্য কৃষকদের মাঝে রোপা আমন ধান (উফশী জাত) ফসলের পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'

**কর্মসূচির উদ্দেশ্য:**

১. ঘূর্ণিঝড় রেমাল/ সাম্প্রতিক অতিবৃষ্টি, বন্যা ও ঝড়ের কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানো।
২. ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের কৃষকদের ক্ষতি পুষিয়ে নেওয়া।
৩. আমন ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা।
৪. কৃষকগণ আমন ধান ফসলের উৎপাদন বৃদ্ধি করে আর্থিকভাবে লাভবান হতে পারে।
৫. দেশের খাদ্য উৎপাদনের বর্তমান ধারা অব্যাহত রাখা।

**কর্মসূচির যৌক্তিকতা:**

ঘূর্ণিঝড় রেমাল/ সাম্প্রতিক অতিবৃষ্টি, বন্যা ও ঝড়ের কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানো এবং তাদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**কর্মসূচির প্রত্যাশিত সুফল:**

এ কর্মসূচির আওতায় ২২৭৭০৪ (দুই লক্ষ সাতাশ হাজার সাত শত চার) জন উপকারভোগী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক বিনামূল্যে রোপা আমন ফসলের উফশী জাতের বীজ এবং ডিএপি ও এমওপি সার সহায়তা পাবে। প্রস্তাবিত এ কর্মসূচি বাস্তবায়িত হলে রোপা আমন ফসলের উফশী জাতের আবাদ ৩০৩৬০.৫৩ হেক্টর বৃদ্ধি পাবে এবং ০.৯৫৬৩৬ লক্ষ মে.টন (৩.১৫ মে.টন/হেক্টর হিসেবে) চাল উৎপাদন হবে, যার মূল্য ৪৩০৩৬.০৫৬ লক্ষ টাকা অর্থাৎ ৪৩০ কোটি ৩৬ লক্ষ ৫ হাজার ৬ শত টাকা (প্রতি কেজি ৪৫/- হিসেবে) এবং এতে খড় উৎপাদন হবে ১.৪২৫ লক্ষ মেট্রিক টন যার মূল্য ৪২৭৪.৯১৫ লক্ষ টাকা অর্থাৎ ৪২ কোটি ৭৪ লক্ষ ৯১ হাজার ৫ শত টাকা (প্রতি কেজি ৩/- হিসেবে)। অর্থাৎ উৎপাদিত পণ্যের মোট আয় হবে ৪৭৩১০.৯৭১ লক্ষ টাকা অর্থাৎ ৪৭৩ কোটি ১০ লক্ষ ৯৭ হাজার ১ শত টাকা। বিঘাপ্রতি উপকরণ সহায়তা বাবদ ব্যয় ৭০৭.৫০ টাকাসহ মোট ব্যয় ১৭৩৮৬.০ টাকা, সে হিসাবে কর্মসূচিভুক্ত ২ লক্ষ ২৭ হাজার ৭ শত ৪ বিঘা জমিতে (৩০৩৬০.৫৩ হেক্টর) কৃষকের অন্যান্য ব্যয়সহ মোট উৎপাদন ব্যয় ৩৯৫৮৮.৬১৭ লক্ষ টাকা অর্থাৎ ৩৯৫ কোটি ৮৮ লক্ষ ৬১ হাজার ৭ শত টাকা। অর্থাৎ ১ টাকা ব্যয় করে আয় হবে ১.২০ টাকা।

## বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি রোপা আমন ধান (উফশী জাত) বীজ ফসল আবাদের জমি এবং চলতি খরিপ মৌসুমে রোপা আমন ধান (উফশী জাত) বীজ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে রোপা আমন ধান (উফশী জাত) বীজ চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তদারকিতে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;
৪. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com ) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে এবং অর্থ বিভাগ হতে ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দ ব্যয় ও সমন্বয় সংক্রান্ত সময়সীমা ও নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসই প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০ কেজি উফশী জাতের রোপা আমন ধান বীজ এবং ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে।

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

৮. এ কর্মসূচির আওতায় জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি (৯০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'আধুনিক প্রযুক্তিতে কৃষক পর্যায়ে ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প' এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের (১০%) নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে এলাকা উপযোগী উফশী জাতের রোপা আমন ধানের বীজ সংগ্রহ করতে হবে।

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসনের জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ২৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd / moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে;

১২. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে;

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

২১/০৬/২০২৪

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সারের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ- | |